

উপজেলা সমবায় কার্যালয়, বানিয়াচং, হবিগঞ্জ এর অর্জন সমূহ

ক্রঃ নং	সমিতির ক্যাটাগরি	সংখ্যা
০১	মৎস্যজীবী সমবায় সমিতি	১১৮ টি
০২	পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি	০৬টি
০৩	মৎস্য আড়ৎ ব্যবসায়ী সমবায় সমিতি	০৩টি
০৪	সিএনজি মালিক সমবায় সমিতি	০১টি
০৫	শ্রমিক পরিবহন সমবায় সমিতি	০১টি
০৬	কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন সমবায় সমিতি	০১টি
০৭	সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি	০৫টি
০৮	সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি	০৩টি
০৯	যান্ত্রিক নৌ-চালক সমবায় সমিতি	০১টি
১০	আশ্রয়ণ সমবায় সমিতি	০৫টি
১১	সিআইজি (কৃষি) সমবায় সমিতি	০৫ টি
১২	সিআইজি (প্রাণিসম্পদ) সমবায় সমিতি	০২টি
১৩	ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি	০৩ টি
১৪	কৃষি সমবায় সমিতি	০৮ টি
	মোট কার্যকর সমিতি	১৫৮ টি

❖ বানিয়াচং উপজেলার বিভাগীয় সকল সমবায় সমিতির মূলধন :

ক্রঃ নং	বিবরণ	টাকা
০১	পরিশোধিত শেয়ার মূলধন	৪৬৬১৪৬৩
০২	সঞ্চয় আমানত	৯৪৯৪০৫৩

❖ সরকারী রাজস্ব আদায় সংক্রান্ত তথ্য (অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল):

ক্রঃ নং	বিবরণ	ধার্যকৃত	আদায়কৃত
০১	অডিট ফি	৫৯৭৭০ টাকা।	৫৯৭৭০ টাকা।
০২	সমবায় উন্নয়ন তহবিল	১৭৯৪০ টাকা	১৭৯৪০ টাকা

❖ আশ্রয়ণ প্রকল্পের আওতায় আশ্রয়ণ সমবায় সমিতির তথ্য:

ক্রঃ নং	আশ্রয়ণ সমিতির নাম	নিবন্ধনং	নিবন্ধনের তারিখ
০১	বুরুজপাড়া আশ্রয়ণ সমবায় সমিতি লিঃ , গ্রামঃ বুরুজপাড়া, পোঃ বানিয়াচং	১০৮	২৯/১২/২০২২ খ্রি.
০২	ছিলাপাঞ্জা পাড়াগাও আশ্রয়ণ সমবায় সমিতি লিঃ গ্রামঃ ছিলাপাঞ্জা, পোঃ যাত্রাপাশা	১০৯	২৯/১২/২০২২ খ্রি.
০৩	চতুরং নন্দীপাড়া আশ্রয়ণ সমবায় সমিতি লিঃ , গ্রামঃ নন্দীপাড়া, পোঃ বানিয়াচং	১১০	২৯/১২/২০২২ খ্রি.
০৪	মুজিবনগর (বড় বাধ) আশ্রয়ণ সমবায় সমিতি লিঃ , গ্রামঃ মুজিবনগর(বড় বাধ),	১১১	২৯/১২/২০২২ খ্রি.
০৫	জামাল পুর আশ্রয়ণ সমবায় সমিতি লিঃ , গ্রামঃ জামালপুর, পোঃ বানিয়াচং	১১২	২৯/১২/২০২২ খ্রি.

❖ প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য :

সমবায়ী এবং বিভাগীয় কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের জন্য কোটবাড়ী কুমিল্লায় একটি এতিহ্যবাহী প্রতিষ্ঠান “বাংলাদেশ সমবায় একাডেমী” রয়েছে। উক্ত একাডেমীতে সমবায়ীদেরকে কম্পিউটার প্রশিক্ষণ, ফ্রিল্যান্সিং, হিসাব সংরক্ষণ , ইলেকট্রিক্যাল হাউস ওয়ারিং প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত সমবায় একাডেমীর অধীনে সারা বাংলাদেশে ১০ টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। উক্ত প্রশিক্ষণ কেন্দ্র গুলোতে উপজেলা থেকে নিবন্ধিত সমবায় সমিতির সদস্যদের সমিতি ব্যবস্থাপনা, টেইলারিং, মৌমাছি চাষ, সবজি চাষ, মৎস্যচাষ, হাঁস মুরগী ও গবাদী পশু পালন , ব্লক বাটিক, মোবাইল সার্ভিসিং, ফুড প্রসেসিং ও ফ্রিল্যান্সিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

❖ ভ্রাম্যমাণ প্রশিক্ষণ :

এ উপজেলায় প্রতি বছরে ০৪ টি প্রশিক্ষণের মধ্যে ০১ টি প্রশিক্ষণের মাধ্যমে মোট ২৫ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত প্রশিক্ষণে উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাদের সহযোগীতায় সংশ্লিষ্ট ট্রেডভিত্তিক ০১(এক) দিন ব্যাপী ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হয়। বিগত অর্থ বছরে মোট ১০০ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হয়। হাল সনে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।

❖ আত্ম-কর্মসংস্থানমূলক তথ্য:

এ উপজেলায় বর্তমানে ১১৫ টি মৎস্যজীবী সমবায় সমিতির মধ্যে প্রায় ৮৬ টি সমিতির নামে জলমহাল ইজারা বন্দোবস্ত রয়েছে। যেখানে প্রায় ৫২০ জন লোকের খন্ডকালীন আত্ম-কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। তাছাড়া ০৬ টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির মাধ্যমে খাল খননের মাধ্যমে সেচ ব্যবস্থার উন্নয়ন হয়েছে এবং পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিগুলোর মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ৩০০ জন লোকের খন্ডকালীন কর্মস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

স্বাক্ষরিত

উপজেলা সমবায় অফিসার
বানিয়াচং, হবিগঞ্জ।